রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ৮, ১৯৯৭

**৮ম খন্ড—বেসরকারী ব্যক্তি এবং করপোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ক্যান্টনমেন্ট বোর্ড**

**বগুড়া ক্যান্টনমেন্ট**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ই অগ্রহায়ণ ১৪০৩/২রা ডিসেম্বর ১৯৯৬

এস, আর, ও নং ২২৬-আইন/৯৬—Cantonment Act, 1924 (II of 1924) এর section 282 তে প্রদত্ত ক্ষমতাবলে ক্যান্টনমেন্ট বোর্ড, বগুড়া উক্ত Act এর section 284 অনুযায়ী প্রয়োজনীয় প্রাক-প্রকাশনাক্রমে এবং সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ উপ-বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**-এই উপবিধিমালা রিক্সা ও ভ্যানের লাইসেন্স প্রদান ও নিয়ন্ত্রণ (বগুড়া ক্যান্টনমেন্ট) উপবিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় অথবা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই উপবিধিমালায়—

(ক) "ক্যান্টনমেন্ট" বলিতে বগুড়া ক্যান্টনমেন্টকে বুঝাইবে,

(খ) "বোর্ড" বলিতে বগুড়া ক্যান্টনমেন্ট বোর্ডকে বুঝাইবে, এবং

(গ) "লাইসেন্স" বলিতে এই উপবিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সকে বুঝাইবে।

৩। **রিক্সা রাখিবার জন্য লাইসেন্স।**—কোন ব্যক্তি, বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে এতদুদ্দেশ্যে মঞ্জুরীকৃত লাইসেন্স ব্যতীত, ভাড়া দেওয়ার জন্য বা অন্য কোন উদ্দেশ্যে ক্যান্টনমেন্ট এলাকার মধ্যে কোন রিক্সা বা রিক্সা ভ্যান রাখিতে পারিবে না, বোর্ড এইরূপ লাইসেন্স প্রয়োজনীয় শর্ত আরোপ করিতে পারিবে।



মূল্যঃ টাকা ২·০০

৪। **লাইসেন্স প্রদান।**—(১) রিক্সা ও রিক্সা ভ্যানের মালিকের আবেদনের প্রেক্ষিতে বোর্ড, প্রত্যেক আর্থিক বৎসর বা আর্থিক বৎসরের কোন অংশের জন্য রিক্সা প্রতি পঞ্চাশ টাকা এবং রিক্সা ভ্যান প্রতি পঁচাত্তর টাকা ফি প্রদান সাপেক্ষে, তৎকর্তৃক নির্ধারিত ফরমে ও শর্ত সাপেক্ষে লাইসেন্স প্রদান করিতে পারিবে। বোর্ডের সিদ্ধান্তের মাধ্যমে প্রদেয় ফি পরিবর্তন করা যাইবে।

(২) দফা (১) এর অধীনে মঞ্জুরীকৃত লাইসেন্স ক্রমিক নম্বরযুক্ত হইবে।

৫। **রিক্সা ড্রাইভিং লাইসেন্স।**-কোন ব্যক্তি বোর্ড কর্তৃক তাঁহার অনুকূলে মঞ্জুরীকৃত লাইসেন্স ব্যতীত ক্যান্টনমেন্ট এলাকায় রিক্সা বা রিক্সা ভ্যান চালাইবে না।

৬। **ড্রাইভিং লাইসেন্স প্রদান।**—যে কোন ব্যক্তি, যাহার ন্যূনতম বয়স আঠার বৎসর, বোর্ডের নিকট ক্যান্টনমেন্ট এলাকায় রিক্সা চালানোর লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন এবং দশ টাকা ফি প্রদান সাপেক্ষে তাঁহার নামে বোর্ড কর্তৃক নির্ধারিত ভাড়ায় রিক্সা চালানোর জন্য লাইসেন্স প্রদান করা যাইবে। বোর্ডের সিদ্ধান্তের মাধ্যমে প্রদেয় ফি পরিবর্তন করা যাইবে।

৭। **লাইসেন্সের শর্তাবলী।**—উপ-বিধি ৬ এর অধীনে মঞ্জুরীকৃত প্রত্যেক লাইসেন্স নিম্নোক্ত শর্ত সাপেক্ষে হইবে এবং এই শর্তাবলী লাইসেন্সে লিপিবদ্ধ থাকিবে,—

(ক) রিক্সা বা ভ্যান সর্বদাই পরিষ্কার-পরিচ্ছন্ন, উত্তমরূপে মেরামতকৃত এবং পানি নিরোধক (water proof) অবস্থায় রাখিতে হইবে,

(খ) উপ-বিধি ৯ এর অধীনে বোর্ড কর্তৃক নির্ধারিত হারের বেশী রিক্সা ভাড়া আদায় করা যাইবে না,

(গ) উপ-বিধি ৬ এর অধীনে চালক হিসাবে লাইসেন্স প্রাপ্ত হন নাই এমন কোন ব্যক্তি রিক্সা বা ভ্যান চালাইতে পারিবেন না,

(ঘ) বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ভাড়া প্রদান করা হইলে রিক্সা চালক সাধারণতঃ ভাড়ায় রিক্সা বা ভ্যান চালাইতে অসম্মত হইবে না,

(ঙ) রিক্সার গায়ে একটি স্পষ্ট দৃষ্টিগোচর স্থানে রিক্সার লাইসেন্স এবং ভাড়ার তালিকা আটিয়া রাখিতে হইবে এবং রিক্সার পশ্চাদ ভাগে একটি স্পষ্ট দৃষ্টিগোচর স্থানে লাইসেন্সের নম্বর স্পষ্টাক্ষরে মুদ্রিত করিতে হইবে,

(চ) রিক্সার বা ভ্যানে এমন কোন জিনিস বহন করা যাইবে না যাহা রিক্সার বা ভ্যানের যে কোন পার্শ্বে দুই ফুটের অধিক অথবা উহার সম্মুখে বা পশ্চাতে পাঁচ ফুটের অধিক বর্ধিত থাকিবে,

(ছ) বোর্ডের এক্জিকিউটিভ অফিসার যখনই চাইবেন তখনই তৎকর্তৃক পরিদর্শনের জন্য রিক্সা বা ভ্যান উপস্থিত করিতে হইবে, এবং

(জ) সূর্যাস্ত হইতে সূর্যোদয় পর্যন্ত সময়ে রিক্সা বা ভ্যান চালাইলে উহাতে একটি হারিকেন বা কেরোসিনের বাতি জ্বালাইয়া রাখিতে হইবে।

৮। **লাইসেন্স বাতিলকরণ।**—যদি লাইসেন্সকৃত রিক্সার বা ভ্যানের মালিক অথবা চালক এই উপ-বিধিমালার বিধান বা তাঁহার লাইসেন্সের যে কোন শর্ত লংঘন করে, তাহা হইলে বোর্ড সেই লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে।

৯। **ভাড়ার সর্বোচ্চ হার।**—বোর্ড পার্শ্ববর্তী বা নিকটবর্তী মিউনিসিপ্যালিটিসমূহে প্রচলিত হারের সংগে সংগতি রাখিয়া লাইসেন্সকৃত রিক্সা ও ভ্যানের ভাড়ার সর্বোচ্চ হার নির্ধারণ করিতে পারিবে।

১০। **যাত্রীর সর্বোচ্চ সংখ্যা, ইত্যাদি।**—(১) কোন অবস্থাতেই ক্যান্টনমেন্ট এলাকার মধ্যে চলাচলকারী লাইসেন্সকৃত রিক্সায় দুইজনের অধিক যাত্রী অথবা ১৪৫ কিলোগ্রামের অধিক মাল বহন করা যাইবে না।

ব্যাখ্যা: যাত্রীর সংখ্যা গণনার উদ্দেশ্যে বার বৎসরের কম বয়স্ক দুইজন বালক-বালিকা বা শিশুকে একজন যাত্রী বলিয়া হিসাব করা হইবে ও মালের ওজন নির্ধারণের উদ্দেশ্যে প্রত্যেক প্রাপ্ত বয়স্ক যাত্রীর ওজন চুয়ান্ন কিলোগ্রাম এবং বার বৎসরের কম বয়স্ক প্রত্যেক বালক-বালিকা বা শিশুর ওজন আঠার কিলোগ্রাম ধরা হইবে এবং তিন বৎসরের কম বয়স্ক শিশুকে গণনায় ধরা হইবে না।

(২) যাত্রী ও মাল এক সংগে বহন করা হইলে যাত্রী ও মালের মিলিত ওজন দফা (১) এ নির্ধারিত ওজন অপেক্ষা বেশী হইবে না।

১১। **উপ-বিধিসমূহ লংঘনের শাস্তি।**—কেহ উপ-বিধি ৩, ৫, ৭ ও ১০ এর বিধান ও শর্তাবলী লংঘন করিলে, প্রথম বার লংঘনের ক্ষেত্রে তাহাকে একশত টাকা পর্যন্ত জরিমানা করা যাইবে, এবং ক্রমাগত লংঘনের ক্ষেত্রে, প্রথম লংঘনের জন্য দণ্ড প্রাপ্তির পর, প্রত্যেক দিনের জন্য বিশ টাকা পর্যন্ত অতিরিক্ত জরিমানা করা যাইবে এবং এই উপবিধিমালার কোন বিধানের লংঘন বন্ধ করার জন্য বোর্ড কর্তৃক জারীকৃত নোটিশ প্রাপ্তির পরও কেহ সেই লংঘন অব্যাহত রাখিলে প্রতিদিনের জন্য তাহাকে বিশ টাকা পর্যন্ত জরিমানা করা যাইবে।

১২। **বিচার করিবার ক্ষমতা।**—এই উপ-বিধিমালার অধীনে কোন অপরাধের বিচারের ক্ষেত্রে Cantonment Act, 1924 (II of 1924) section 266 এবং Code of Criminal Procedure, 1898 (V of 1898) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

বোর্ডের আদেশক্রমে

**মোঃ আব্দুল করিম সরকার**
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,
বগুড়া ক্যান্টনমেন্ট, বগুড়া।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।